

[বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য]



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

বিশেষ আদেশ নং-১৮/মূসক/২০২১

তারিখঃ

০৪ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ।

১৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশন এর বাড়িভাড়া উপর মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান।

যেহেতু বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে নিবন্ধিত একটি অলাভজনক, সেবাসমী প্রতিষ্ঠান এবং আলোচ্য প্রতিষ্ঠানটি থ্যালাসিমিয়া রোগীদের জন্য স্বল্পমূল্যে চিকিৎসা, ঔষধ সরবরাহ করে থাকে এবং এই কার্যক্রম পরিচালনার জন্য বিভিন্ন ব্যক্তি বা সংস্থার অনুদানের উপর নির্ভর করে থাকে; এবং

যেহেতু থ্যালাসিমিয়া একটি মারাত্মক বংশগত রক্তের রোগ এবং এ রোগের চিকিৎসা ব্যয়বহুল;

সেহেতু, জনস্বার্থে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশনের “স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী” সেবার বিপরীতে প্রযোজ্য মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

এই আদেশ ১ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(কাজী ফরিদ উদ্দিন)
প্রথম সচিব (মূসক নীতি)

প্রাপকঃ উপ-পরিচালক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।

[তাঁহাকে উল্লিখিত আদেশ এর ১০০ (একশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলো]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০৪৫.১৩/২১৫ (ম)

তারিখঃ ১৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১-২। সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি)/(মূসক নীতি)/(মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৩-১৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/যশোর/রংপুর/কুমিল্লা/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
- ১৫। মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর-মূল্য সংযোজন কর, ঢাকা।
- ১৬। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ১৭। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে আপলোডকরণের অনুরোধসহ)।
- ১৮। একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ১৯। সভাপতি, বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশন, থ্যালাসিমিয়া ব্লাড ব্যাংক, ৩০, চামেলিবাগ, শান্তিনগর, ঢাকা-১২১৭।

Rhovan
১৯/০৯/২১

(কাজী রেজাউল হাসান)

দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)

Mr. Debrato AP